দৈনিক সংবাদ

তারিখ ...06 FEB 1991 ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

# প্রাথমিক শিক্ষকদের প্রতি কর্তব্য পালনের আহ্বান

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি (ফজলু) আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে প্রাথমিক শিক্ষকদেরকে নিরপেক্ষভাবে দায়িত্ব ও কর্তব্য পালনের আহ্বান জানিয়ে বলেছে, এ নির্বাচন গুরুত্বপূর্ণ, নির্ধারিত হবে জাতির ভবিষ্যৎ।

(৭–এর পাতায় দেখুন)

## প্রাথমিক শিক্ষকদের প্রতি

(১ম পাতার পর)

গতকাল শিল্পকলা একাডেমী মিলনায়তনে জসীম উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় একথা বলা হয়েছে। সভায় বক্তব্য রাখেন সমিতির সাধারণ সম্পাদক ফজলুর রহমান, আবদুল আউয়াল প্রমুখ। ফজলুর রহমান প্রাথমিক শিক্ষকদের স্বৈরাচারী এরশাদের দোসর অধ্যাপক আবুল কালাম আজাদের খপ্পর থেকে বেরিয়ে এসে প্রাথমিক শিক্ষকদের মধ্য থেকে নতুন সভাপতি নির্বাচনের আহ্বান জানান।

তিনি বলেন, অধ্যাপক আজাদ প্রাথমিক শিক্ষক না হয়েও দেশের প্রাথমিক শিক্ষকদের তথাকথিত নেতা বনে শিক্ষকদের স্বার্থ জলাঞ্জলি দিয়েছেন। দাবী–দাওয়া আদায় করতে হলে আজাদকে রুখতে হবে।